**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ছুটিতে সর্বোচ্চ ভ্রমণের দিনগুলিতে নির্মাণ-সংক্রান্ত কারণে বন্ধ থাকা লেন খুলে দেওয়ার ঘোষণা দিলেন

***AAA ধারণা করছে 2020-র তুলনায় ভ্রমণ 34 শতাংশ বৃদ্ধি পাবে***

***চলাচলের ব্যস্ততম সময়ে প্রয়োজন ছাড়া লেন বন্ধ থাকবে না***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মোটরচালকদের যাত্রা সহজ করতে নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েগুলিতে রাস্তা ও সেতু নির্মাণ প্রকল্পের কারণে অস্থায়ীভাবে বন্ধ লেন 23 ডিসেম্বর বৃহস্পতিবার সকাল 6টা থেকে 27 ডিসেম্বর সোমবার সকাল 6টা পর্যন্ত খুলে দেওয়া হবে। এছাড়াও নির্মাণ কাজ 30 ডিসেম্বর বৃহস্পতিবার সকাল 6টা থেকে 3 জানুয়ারি সোমবার সকাল 6টা পর্যন্ত বন্ধ থাকবে।

গাড়িচালকদের অবগত থাকতে হবে যে স্থায়ী কংক্রিটের প্রতিবন্ধকের পিছনে বা জরুরি মেরামতের জন্য কিছু কাজ চলতে পারে। নির্মাণ বন্ধ করা নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের (Drivers First Initiative) সাথে মিলে যায়, যেটি ট্র্যাফিক জ্যাম এবং রাস্তা ও সেতুর কাজের জন্য যাত্রা বিলম্ব কমাতে মোটরচালকদের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করে।

"আমরা বছরের ব্যস্ততম যাত্রার সময়ের মধ্যে রয়েছি এবং আমরা নিশ্চিত করতে চাই যে সকল নিউ ইয়র্কবাসী যেন নিরাপদে ও বিলম্ব ছাড়াই তাদের গন্তব্যে পৌঁছাতে পারে, যাতে করে তারা ছুটির মৌসুম উদযাপন করতে পারে," **গভর্নর হোকল বলেন।** "সেই কারণে, আমরা এই সময়ে ট্র্যাফিক হালকা করতে স্টেটের রাস্তার নির্মাণকাজ বন্ধ করছি। আমি সকল নিউ ইয়র্কবাসীর জন্য দারুণ ছুটির মৌসুম কামনা করছি এবং তাদের মনে করিয়ে দিতে চাই যে অনুগ্রহ করে দায়িত্বশীলভাবে গাড়ি চালান এবং সকলের জন্য এই সময়কে সুখী ও নিরাপদ করা নিশ্চিত করতে সাহায্য করুন।"

আমেরিকান অটোমোবাইল অ্যাসোসিয়েশন (American Automobile Association, AAA) অনুযায়ী, এই ছুটির মৌসুমে 109 মিলিয়নের বেশি মানুষ যাত্রা করবে, যা 2020 থেকে প্রায় 34 শতাংশ বেশি। যার ফলে এই বছরের সংখ্যা 2019-র তুলনায় 92 শতাংশ হবে।

গভর্নর মোটরচালকদের স্মরণ করিয়ে দিচ্ছেন যে রাজ্য এবং স্থানীয় আইন প্রয়োগকারীরা জাতীয় "ড্রাইভ সোবার অর গেট পুল্ড ওভার" (Drive Sober or Get Pulled Over) প্রচারাভিযানে

অংশগ্রহণ করছে, যা 1 জানুয়ারি 2022 পর্যন্ত চলবে। মোটরচালকেরা ছুটির ভ্রমণ মৌসুমের সময় সড়কপথে মদ্যপ অবস্থা চেকপয়েন্ট এবং রাস্তায় আরো নিউ ইয়র্ক স্টেট ট্রুপার দেখতে আশা করতে পারেন। নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) তাদের থ্রুওয়ের সেবা এলাকাসমূহে নিরাপদ ও সতর্ক গাড়ি চালনার প্রচারে যাত্রীদের জন্য বিনামূল্যে কফি ও গরম চা প্রদান করার ঐতিহ্য অব্যাহত রাখবে নববর্ষের আগের রাত 11টা থেকে নববর্ষের দিন সকাল 7টা পর্যন্ত।

স্টেটের হাইওয়ে ধরে অমনোযোগী গাড়ি চালানো বন্ধ করতে স্টেটের প্রচেষ্টার সমর্থনে টেক্সট স্টপ, যেমন পার্ক-ও-রাইড সুবিধা, রেস্ট স্টপ, সেবা এলাকা এবং পার্কিং এলাকা থাকবে। সকল টেক্সট স্টপ খোলা থাকবে, যাতে করে চালকদের নিরাপদে এবং সুবিধামতো ফোন করা, টেক্সট করা, রাস্তা খোঁজা এবং মোবাইল অ্যাপ চালানোর জন্য তাদের ফোন ও অন্যান্য মোবাইল ডিভাইস ব্যবহার করার স্থান প্রদান করা যায়। গাড়ি চালানোর সময়ে টেক্সট পাঠানো বিশেষভাবে বিপজ্জনক, কারণ এর জন্য চালককে রাস্তা থেকে চোখ, হুইল থেকে হাত ও গাড়ি চালানো থেকে মনোযোগ সরাতে হয়।

**নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটির নির্বাহী পরিচালক ম্যাথু জে. ড্রিস্কল বলেন,** "ছুটির মৌসুম হল বছরের ব্যস্ততম ভ্রমণের সময়গুলির একটি এবং ছুটির সপ্তাহান্তে নির্মাণ কাজ বন্ধ রাখার ফলে মোটরচালকেরা আরো দ্রুত, এবং আরো কম বিলম্ব করে তাদের গন্তব্যে পৌঁছাতে পারবে। আমরা মোটরচালকদের তাগিদ দিচ্ছি রাস্তায় জরুরি বা রক্ষণাবেক্ষণ যান দেখতে তাদের আগে যেতে দিন, সতর্ক থাকুন, এবং অমত্ত অবস্থায় গাড়ি চালান। আমরা এছাড়াও চালকদের মনে করিয়ে দিতে চাই যে সেবা এলাকার পুনর্গঠন প্রকল্পের জন্য, থ্রুওয়ের 10টি সেবা এলাকা সংস্কারকাজের জন্য বন্ধ থাকবে, তাই অনুগ্রহ করে এটি মাথায় রেখে আপনি কোথায় থামবেন তা পরিকল্পনা করুন। সব জায়গায় জ্বালানি পরিষেবা খোলা থাকবে, এবং একই দিকে ভ্রমণের সময় পর পর দুইটি পরিষেবা এলাকা বন্ধ থাকবে না। আমি সকল নিউ ইয়র্কবাসীকে ছুটির ও নববর্ষের শুভকামনা জানাচ্ছি।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (Department of Transportation) কমিশনের ম্যারি টেরেস ডমিনগুয়েজ বলেন,** "ছুটির মৌসুমে ভ্রমণ চাপপূর্ণ হতে পারে এবং মোটরচালকদের ঝামেলা-মুক্ত যাত্রা প্রদান করার জন্য এবং তাদেরকে যত কম সম্ভব বাঁধা পেরিয়ে নিজ গন্তব্যে পৌঁছাতে দেওয়ার জন্য ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন সম্ভাব্য সবকিছু করতে চায়। আমরা আশা করছি সকলেই সুখী ও স্বাস্থ্যকর ছুটির মৌসুম কাটাবে এবং আমরা যারা যাত্রা করছেন তাদের সকলকে তা নিরাপদে করার তাগিদ দিচ্ছি, নিশ্চিত করুন যে যখন আপনি রাস্তায় থাকবেন তখন আপনি তৈরি থাকুন, মনোযোগ দিন এবং অনুগ্রহ করে গাড়ি চালানোর সময় টেক্সট করবেন না। চলুন সকলের নিরাপদে গন্তব্যে পৌঁছানো নিশ্চিত করতে আমরা একত্রে কাজ করি।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের (Department of Motor Vehicles) কমিশনার এবং গভর্নরের নিউ ইয়র্ক ট্র্যাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee of New York) প্রধান মার্ক জে. এফ. স্ক্রোডার বলেন,** "আমরা আশা করছি যে সকলের এই ছুটির মৌসুমের যাত্রা নিরাপদ হবে। অনুগ্রহ করে যদি আপনার

অ্যালকোহল দিয়ে উদযাপন করার পরিকল্পনা থাকে তাহলে বাড়িতে যাওয়ার বিকল্প পন্থা বা রাতে কোথাও থেকে যাওয়ার পরিকল্পনা করুন, এবং অনুগ্রহ করে এই ব্যস্ত কেনাকাটার মৌসুমের শেষ দিনগুলিতে পথচারীদের দিকে নজর রাখুন।"

**স্টেট পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন,** "যেহেতু ছুটির মৌসুমে ভ্রমণ বৃদ্ধি পাচ্ছে, আমাদের ট্রুপাররা আমাদের রাস্তাঘাট নিরাপদ রাখতে তাদের দায়িত্ব পালন করার জন্য প্রস্তুত আছে। আমরা সকল গাড়িচালককে তাদের ইলেক্ট্রনিক ডিভাইস দূরে রেখে এবং মনযোগী ও সতর্ক থেকে তাদের দায়িত্ব পালন করতে তাগিদ দিচ্ছি। অনুগ্রহ করে প্রদত্ত গতিসীমা মান্য করুন এবং রাস্তার নিয়ম মেনে চলুন। এছাড়াও, ছুটির মৌসুম উদযাপন করবেন যারা, তাদের আগে থেকে পরিকল্পনা করে রেখে বা অমত্ত অবস্থায় গাড়ি চালিয়ে নিরাপদে উদযাপন করা উচিত। একসাথে আমরা জীবন বাঁচাতে পারবো এবং গুরুতর হতাহতের ঘটনা কমিয়ে আনতে পারবো।"

থ্রুওয়ে অথরিটির মোবাইল অ্যাপ বিনামূল্যে ডাউনলোড করতে মোটোরিস্টদের উৎসাহ দেওয়া হচ্ছে, যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করে৷

থ্রুওয়ে অথরিটিকে অনুসরণ করুন টুইটারে @NYSThruway ও ফেসবুকে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি ঠিকানায়।

ভ্রমণকারীরা ভ্রমণের আগে 5-1-1 এ কল করে, 511 ওয়েবসাইটে ভিজিট করে, অথবা আইটিউনস (iTunes) বা গুগল প্লে (Google Play) থেকে বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করে NYSDOT-এর 511NY চেক করে নিতে পারেন। এই বিনামূল্যের পরিষেবা ব্যবহারকারীদেরকে রাস্তার অবস্থা চেক করা, 2219টি ট্রাফিক ক্যামেরার দৃশ্য দেখা এবং বিমান ও ট্রানজিটের তথ্যের সাথে সংযোগ করার সুযোগ দেয়। এই অ্যাপে ড্রাইভ মোড রয়েছে যা একজন ব্যবহারকারীকে গাড়ি চালানোর সময় বেছে নেয়া রুটের জন্য দুর্ঘটনা ও নির্মাণকাজ সম্পর্কে শ্রবণযোগ্য অ্যালার্টের মাধ্যমে সতর্ক করে দেয়।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং ফেসবুকে (Facebook) নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation)-কে অনুসরণ করুন৷

গাড়ি চালকরা হয়তো মদ্যপান করতে পারেন এমন কোনো অনুষ্ঠান থেকে নিরাপদে বাড়ি ফেরার উপায় খুঁজে নিতে হ্যাভ এ প্ল্যান (Have a Plan) অ্যাপটি ব্যবহার করার জন্য যানবাহন বিভাগ (Department of Motor Vehicles) অনুরোধ জানাচ্ছে। গভর্নরের যানবাহন সংক্রান্ত নিরাপত্তা কমিটি ও NYS STOP-DWI ফাউন্ডেশন এর পক্ষ থেকে বিনামূল্যে প্রদান করা এই অ্যাপটি ব্যবহারকারীদেরকে একজন গাড়ি চালক মনোনীত করার, ট্যাক্সি কল করার অথবা রাইড শেয়ার ব্যবহার করার, এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর পরিণতি পর্যালোচনা করার

সুযোগ দেয়। এমনকি ব্যবহারকারীরা এই অ্যাপ ব্যবহার করে মাতাল বা নেশাগ্রস্ত গাড়ি চালক সম্পর্কে রিপোর্টও করতে পারেন। এই অ্যাপ অ্যাপল (Apple), অ্যান্ড্রয়েড (Android) ও উইন্ডোজ (Windows ) স্মার্ট ফোনের জন্য পাওয়া যাচ্ছে।
টুইটারে (Twitter) DMV কে অনুসরণ করুন: @NYSDMV এবং ফেসবুকে (Facebook) নিউ ইয়র্ক স্টেটের মোটরযান বিভাগ (Department of Motor Vehicles)-কে অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418